অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/17/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো অর্থনৈতিক উন্নয়নের একটি মাধ্যম হিসাবে এরি ক্যানেল সম্পর্কে নতুন করে ভাবনাচিন্তা করার মুখ্য উদ্যোগের কথা ঘোষণা করেছেন

ক্যানেল করিডরটি ঢেলে সাজাতে সর্বোত্তম ধারণার প্রস্তাবের জন্য গভর্নর টাস্ক ফোর্স তৈরি করেছেন

রোচেস্টার ক্যানেলের উদ্বোধনে এলিজাবেথ ক্যাডি স্ট্যানটন এর নামে নতুন টাগবোট

স্থানীয় অর্থনীতিকে উজ্জীবিত করতে, পর্যটন এবং বিনোদনের নতুন সুযোগগুলিকে অনুপ্রাণিত করতে, এবং অতি প্রাচীন জলপথ সংলগ্ন পরিবেশের মানিয়ে নেওয়ার ক্ষমতা দৃঢ় করতে 195-বছরে-পুরাতন এরি ক্যানেলকে 21 শতকের জন্য কিভাবে নতুন করে সাজানো যায় তা পরীক্ষা করতে অ্যান্ড্রু এম. কুওমো আজ একটি ব্যাপক উদ্যোগের কথা ঘোষণা করেছেন। এই উদ্যোগের একটি মূল স্তম্ভ হল গভর্নরের রিইমাজিন দ্যা ক্যানেল টাস্ক ফোর্স (Reimagine the Canal Task Force)।

"এরি ক্যানেল করিডর নিউ ইয়র্কের অন্যতম শ্রেষ্ঠ কিংবদন্তী সম্পদ এবং সেই অঞ্চল ও স্টেটের জন্য একটি মুখ্য অর্থনৈতিক পরিচালক", **গভর্নর কুওমো বলেন।** "ক্যানেলটি নিউ ইয়র্ককে এম্পায়ার স্টেট বানাতে সহায়তা করেছে এবং এই উদ্যোগ ক্যানেলটির সংস্কার করবে এবং প্রত্যন্ত অঞ্চলের কমিউনিটিদের নতুনভাবে উপকারে লাগার জন্য, নিউ ইয়র্কের প্রত্যন্ত অঞ্চলের ব্যাপক উন্নয়নে ভূমিকা নেবে।"

"নিউ ইয়র্ক ক্যানেল সিস্টেম শুধুমাত্র একটি কিংবদন্তী বিনোদনের গন্তব্যস্থলই নয়, এটি আমাদের অতীতের, বর্তমানের এবং ভবিষ্যৎ অর্থনীতির একটি অপরিহার্য অংশ", **লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেছেন, যিনি আজকের ঘোষণা করেছেন।** "আমরা যখন 2019 ক্যানেল সিজিনটি শুরু করলাম, উদ্যোগী এবং সৃজনশীল নতুন ভাবনাগুলিকে পথ দেখাতে একটি টাস্ক ফোর্সেওর মাধ্যমে আমরা সংস্কারের পরবর্তী পর্যায়টি আরম্ভ করলাম। উপরন্তু, নিউ ইয়র্কের গণতান্ত্রিক অধিকার প্রতিষ্ঠার কান্ডারি এলিজাবেথ ক্যাডি স্ট্যানটনের সন্মানে একটি নতুন জলযান নিবেদন করে আমরা আমাদের ইতিহাস জুড়ে ধারণার প্রবাহের রূপদানে এরি ক্যানেলের ভূমিকা পালন করি। ভোটাধিকারের জন্য একটি বিশিষ্ট মতবাদ এবং সক্রিয় কর্মী হিসাবে তার আত্মনিবেদন আজ আমাদের অনুপ্রাণিত করে যখন আমরা সকল নারির পূর্ণ সাম্য সুনিশ্চিত করতে কাজ করছি।"

গভর্নরের যুগান্তকারী উদ্যোগ যেগুলি করবে তা হল:

- নিউ ইয়র্কবাসীদের জীবনযাত্রার মান উন্নত করার লক্ষ্যে এরি ক্যানেলের সম্ভাবনাযুক্ত নতুন ব্যবহার সনাক্ত করা
- ক্যানেল করিডর সংলগ্ন অঞ্চলের অর্থনৈতিক বিকাশে এরি ক্যানেল কিভাবে সহায়তা করতে পারে এবং উন্নয়ন ত্বরান্বিত করতে পারে তা পর্যালোচনা করা
- এরি ক্যানেল সংলগ্ন অঞ্চলে বিনোদন এবং পর্যটন উন্নয়নের নতুন সুযোগ খোঁজা
- ক্যানেল সংলগ্ন কমিউনিটিগুলির খাপ খাওয়ানোর ক্ষমতা এবং বাস্তুতন্ত্রের পুনরুদ্ধারের উন্নতি বিধান করতে এরি ক্যানেল কিভাবে বন্যার প্রকোপ এবং বরফ জমে যাওয়ার সমস্যা সমাধান হ্রাস করতে সহায়তা করতে পারে তা পর্যালোচনা করা
- পশ্চিম নিউ ইয়র্কের কৃষিক্ষেত্রগুলির জন্য জলসেচের সম্প্রসারণ করতে এরি ক্যানেলের পরিকাঠামো ব্যবহারের সুযোগগুলি সনাক্ত করা

এই লক্ষ্যগুলি পূরণে সহায়তা করতে, গভর্নর কুওমো একটি টাস্ক ফোর্স গঠন করেছেন যা গত বছর নিউ ইয়র্ক পাওয়ার অথোরিটি (New York Power Authority, NYPA) এবং নিউ ইয়র্ক স্টেট ক্যানেল কর্পোরেশন (New York State Canal Corporation) দ্বারা আয়োজিত রিইমাজিন দ্যা ক্যানেলস প্রতিযোগিতার (Reimagine the Canals Competition) একটি পরিণাম। প্রতিযোগিতাটি নিউ ইয়র্কের ক্যানেলগুলিকে অর্থনৈতিক বিকাশের বা বিনোদনের নতুন উপায় হিসাবে চিহ্নিতকারী সর্বোত্তম ধারণাগুলিকে পুরস্কৃত করে। প্রতিযোগিতাটি ইতিমধ্যে যে সকল ধারণা সৃষ্টি করেছে এই টাস্ক ফোর্স সেগুলির থেকে অনেক ধারণা অন্বেষণ করবে। নিউ ইয়র্ক পাওয়ার অথোরিটি একটি অধীনস্থ সংস্থা হিসাবে ক্যানেল কর্পোরেশন চালনা করে।

টাস্কফোর্সের সভাপতিত্ব করবেন জোয়ানি ম্যাহনি, নিউ ইয়র্ক স্টেট থ্রুঅ্যাওয়ে অথোরিটির (New York State Thruway Authority) সভাপতি এবং প্রাক্তন অননদাগা কাউন্টি এক্সিকিউটিভ, যিনি সেন্ট্রাল নিউ ইয়র্কেও সম্প্রসারণের তত্ত্বাবধান করবেন। প্রাক্তন লেফটেন্যান্ট গভর্নর বব ডাফি, পশ্চিম নিউ ইয়র্কে আঞ্চলিক সহ-সভাপতির দায়িত্ব পালন করবেন, যেখানে যোসেফ মার্টেনস, প্রাক্তন পরিবেশ সংরক্ষণ দপ্তরের (Department of Environmental Conservation) কমিশনার, মোহক ভ্যালির সহ-সভাপতির দায়িত্ব পালন করবেন। আগামী সপ্তাহগুলিতে অন্য সদস্যদের নাম ঘোষণা করা হবে।

ক্যানেলের পরিকাঠামো পশ্চিম নিউ ইয়র্কের কৃষিক্ষেত্রগুলিতে জল সরবরাহের ধারাবাহিকতা বজায় রাখা উন্নত করতে কিভাবে ব্যবহার করা হয় তাও প্যানেলটি পরীক্ষা করে দেখবে বলে আশা করা হচ্ছে—পশ্চিম নিউ ইয়র্ক এখন ক্যানেল থেকে জল নেয়—এবং কৃষির জন্য আরও জমি ব্যবহার করতে পারবে।

টাস্ক ফোর্সের সহায়ক পথ প্রদর্শক নেলসন এ. রকফেলার ইনস্টিটিউট অফ গভর্নমেন্ট (Nelson A. Rockefeller Institute of Government), যা নিউ ইয়র্ক স্টেট ইউনিভার্সিটির (State University of New York) একটি অংশ। এটি অংশীদার এবং ক্যানেল কমিউনিটিগুলিকে অংশগ্রহণ করাতে কাজ করবে, একটি প্রক্রিয়া যা সমগ্র স্টেটে আবসিক, ব্যবসার মালিক এবং পৌরসভার নেতাদের থেকে ক্যানেলের ভবিষ্যৎ সম্পর্কে মতামতের জন্য একগুচ্ছ সার্বজনীন মিটিংকে অন্তর্ভুক্ত করবে।

সংস্কারের উদ্যোগটি গভর্নর কুওমোর ক্যানেল করিডরে বিনিয়োগ করতে ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগ (Downtown Revitalization Initiative) এবং টেস্ট নিউ ইয়র্ক (Taste NY) সহ সফল উদ্যোগগুলির উপর ভিত্তি করে গঠিত, যা ক্যানেল সংলগ্ন অঞ্চলগুলিতে নতুন শিল্প, ব্যবসা এবং আবাসন গড়ে উঠতে উৎসাহিত করেছে।

আরও পর্যটন এবং বিনোদনকে আকৃষ্ট করতে ক্যানেলের পূর্ণ সম্ভাবনাকে ঢেলে সাজানো উদ্যোগটির মূল লক্ষ্য। এরি ক্যানেলের নদীপথ দিয়ে বছরে 1.6 মিলিয়ন বার যাতায়াত করা হয়, আগেকার দিনে ক্যানেলে বজরা টেনে নিয়ে যাওয়ার জন্য খচ্চর এবং ঘোড়া দ্বারা ব্যবহৃত নৌকা টানার জন্য নদীতটস্থ পথ ব্যবহৃত হত। নদীপথটি গভর্নর কুওমোর এম্পায়ার স্টেট নদীপথ (Empire State Trail) এর অংশ, যা 2020 সালের শেষদিকে যখন সম্পূর্ন হয়ে যাবে তখন স্টেটের বিবিধ-ব্যবহারের নদীপথ নেটওয়ার্কের মধ্যে 750 মাইলের দীর্ঘতম নদীপথ হবে।

ক্যানেল সিস্টেম, যা এরি, কায়ুগা-সেনেকা, চাম্পলেন এবং ওসওয়েগো ক্যানেলকে অন্তর্ভুক্ত করে, সেগুলি 16ই অক্টোবর পর্যন্ত ঘুরে দেখা যাবে। সিস্টেমের প্রায় অর্ধেক অংশ, এরি ক্যানেলের অংশ, সেইসাথে চাম্পলেন এবং ওসওয়েগো ক্যানেলস, প্রবল বৃষ্টিপাত এবং বরফ গলে যাওয়ার কারণে উচ্চ জল প্রবাহের জন্য তাদের উদ্বোধন স্থগিত রেখেছে।

পর পর তিন বছর ধরে, প্রমোদতরীগুলিতে কর ছাড় দেওয়া হয়েছে। আরো তথ্যের জন্য www.canals.ny.gov দেখুন।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development) এর প্রেসিডেন্ট, হাওয়ার্ড যেমস্কি বলেছেন, "পূর্বেকার শিল্পের সাথে সংযুক্ত জলাশয়ের সংস্কার সমগ্র উত্তরপূর্ব এবং মধ্য-আটলান্টিক অঞ্চলের অর্থনৈতিক উন্নয়ন ত্বরান্বিত করেছে এবং এটি একমাত্র মানানসই যে এরি ক্যানেল- যখন এটি খোলা হয়েছিল তারপর থেকেই নিউ ইয়র্ক স্টেটের অর্থনৈতিক উন্নয়ন ত্বরান্বিত হয়—এটির তটবর্তী অঞ্চলের কমিউনিটিগুলিতে কর্মসংস্থান এবং সুযোগ তৈরি করতে আরও সহায়তা করবে।"

ভারপ্রাপ্ত স্টেট পার্কস কমিশনার এরিক কুলেসেইড বলেন, "যেহেতু আমরা এম্পায়ার স্টেট নদীপথ সম্পূর্ন করার দিকে এগিয়ে চলেছি, সেটি স্থানীয় কমিউনিটিগুলির জন্য বিনোদন বৃদ্ধি ও উন্নয়নের সুযোগ হয়ে উঠবে এবং ক্যানেলের পরিকাঠামো এবং পার্শ্ববর্তী অঞ্চলগুলিতে আগত নদীপথ ব্যবহারকারীদের বিনোদনের প্রভূত সুযোগ করে দেবে। এরি ক্যানেল নিউ ইয়র্কের অর্থনৈতিক উন্নয়নে যে ইন্ধন জুগিয়েছে তার থেকে বেশি আইকনিক কোনোকিছুই নয় এবং এর উপরে আর কিছু বলা সম্ভব নয়।"

পরিবেশ সংরক্ষণ দপ্তর এর কমিশনার বেসিল সেগোস বলেছেন, "এরি ক্যানেলের সংস্কার নিউ ইয়র্ককে বন্যার প্রকোপ এবং অন্যান্য পরিবেশ সংক্রান্ত হুমকিগুলি হ্রাস করার পাশাপাশি আমাদের কার্বন নির্গমন কমাতে এবং নিউ ইয়র্কের দেশকে পথ দেখানো জলবায়ু দূষন হ্রাস করা লক্ষ্য পূরণে সহায়তা করবে। জল সম্ভবত নিউ ইয়র্কের শ্রেষ্ঠ এবং সর্বাধিক গুরুত্বপূর্ণ সম্পদ, এবং আমাদের সুবিধার জন্য সেটি রক্ষণাবেক্ষণ করা এবং কমিউনিটিগুলিকে রক্ষা করা আমাদের খাপ খাওয়ানোর ক্ষমতা বাড়াবে এবং নিউ ইয়র্কবাসীদের রক্ষাকবচ হয়ে উঠবে।"

কৃষি কমিশনার রিচার্ড এ. বল বলেছেন, "এরি ক্যানেল তার পশ্চিম তীরবর্তী বহু সংখ্যক কৃষিক্ষেত্রের একটি গুরুত্বপূর্ণ জলের উৎস। এই টাস্ক ফোর্স এখন আমাদের কৃষিক্ষেত্রগুলিতে খরার ঝুঁকি ন্যূনতম করতে এবং বিশেষ করে ফল ও শাকসব্জির মতো উচ্চ-মূল্যের ফসলগুলি উৎপাদনে সহায়তা করতে ক্যানেলের ব্যবহার বৃদ্ধির সুযোগ দেবে।"

গিল সি. কিনিওনেস, NYPA এর প্রেসিডেন্ট ও সিইও, বলেছেন, "এরি ক্যানেলের ভবিষ্যত সম্পর্কে একটি ব্যাপক আলোচনার জন্য প্রতিযোগিতাকে আমরা শুরু হিসাবে দেখেছি। নিউ ইয়র্ক প্রচুর পরিমাণ জলের উৎসের আশির্বাদধন্য, যা স্টেটের অর্থনৈতিক উন্নতির মূল ভিত্তি। এই টাস্ক ফোর্সের মাধ্যমে, আমরা আমাদের জল নিয়ন্ত্রণ পরিকাঠামো ব্যবহার করার নতুন এবং বিচক্ষণ উপায় খুঁজে বের করতে এবং প্রত্যন্ত কমিউনিটিগুলির বর্তমান চাহিদা পূরণ করতে এরি ক্যানেল কিভাবে সহায়তা করতে পারে তা দেখতে পারব।"

"এরি ক্যানেল সংলগ্ন অঞ্চলেটি 147টি কমিউনিটি আছে এবং তাদের আরও প্রাণবন্ত হয়ে উঠতে সহায়তা করার জন্য আমরা যথাসাধ্য চেষ্টা করব," **ক্যানেল কর্পোরেশন ডিরেক্টর ব্রায়ান ইউ. স্ট্র্যাটন বলেছেন।** "আনুমানিক 200 বছর আগে এটি যেমন নিউ ইয়র্ককে পরিবর্তন করেছিল ঠিক সেরকমই, এরি ক্যানেলেরও রূপান্তর প্রয়োজন যাতে সেটি বুনিয়াদির এমন একটি অপরিহার্য অংশ হয়ে থাকে যা প্রত্যন্ত নিউ ইয়র্ককে সংজ্ঞায়িত করবে।"

"আজ আমরা নিউ ইয়র্ক সম্পর্কে যে এত শুনতে পাই তা এরি ক্যানেলের দ্বারাই সংজ্ঞায়িত", **নিউ ইয়র্ক স্টেট কলেজ অফ এনভায়রনমেন্টাল সায়েন্স এবং ফরেস্ট্রি (SUNY College of Environmental Science) এবং রিইমাজিন দ্যা ক্যানেলস টাস্ক ফোর্সের সভাপতি, জোয়ানি মেহনি বলেছেন।** "যেহেতু এটির তিনশত বছর হতে চলেছে, তাই ক্যানেল করিডরটি কমিউনিটির প্রানবন্ততা বৃদ্ধিতে কিভাবে সহায়তা করতে পারে, নতুন এবং আকর্ষণীয় বিনোদনের সুযোগগুলি অফার করতে পারে এবং যে কমিউনিটিগুলির মধ্যে দিয়ে এটি বয়ে চলেছে তাদের অর্থনীতিকে উজ্জীবিত করতে পারে এখন তা দেখার একটি উপযুক্ত সময়। দীর্ঘদীন ধরে এরি ক্যানেল অনুপ্রেরণার উৎস হয়ে এসেছে এবং নিঃসন্দেহে আবার তা হবে।"

"গভর্নর কুওমোর দ্বারা রিইমেজিং দ্যা ক্যানেলস এর সভাপতি নিয়োজিত হয়ে আমি সন্মানিত বোধ করছি", **বৃহত্তর রচেস্টার চেম্বার অব কমার্স এর প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা বব ডাফি বলেছেন,** "এরি ক্যানেল আপস্টেটের অর্থনীতিকে বিকশিত হতে সহায়তা করেছে এবং নিউ ইয়র্কের ইতিহাসের একটি গুরুত্বপূর্ণ অংশ হয়ে থেকেছে। এই উদ্যোগ আমাদের ক্যানেল সিস্টেমকে ওই অর্থনীতিকে এখন এবং ভবিষ্যতে আরও চাঙা করে তোলার উপায় সনাক্ত করবে।"

পরিবেশ সংরক্ষণ দপ্তরের প্রাক্তন কমিশনার জো মার্টানস বলেছেন, "এরি ক্যানেল হল নিউ ইয়র্কের অন্যতম সবথেকে গুরুত্বপূর্ণ কিংবদন্তী সাংস্কৃতিক সম্পদ। প্রায় দুশো বছর ধরে সেবা করার পর, ক্যানেলটি কিভাবে ব্যবহার করা হবে এবং স্টেট এবং ক্যানেলটির তীরবর্তী কমিউনিটিগুলি সবথেকে ভালো কিভাবে উপকৃত হতে পারে সে বিষয়ে নতুন করে ভাবনা চিন্তা করার সময়

এসেছে। 21শতকের চ্যালেঞ্জগুলি মোকাবিলা করার ক্ষেত্রে এই জাতীয় সম্পদ কিভাবে সহায়তা করবে তা দেখার জন্য অধীর আগ্রহে অপেক্ষা করব।"

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন